

## সর্বাধুনিক প্রযুক্তির প্রাইম্যাক্স সিরিজের ফোরকে এলইডি টিভি আনলো সিঙ্গার

দেশের শীর্ষস্থানীয় কনজুমার ও হোম অ্যাপারয়েন্স প্রস্তুতকারী প্রতিষ্ঠান 'সিঙ্গার বাংলাদেশ' তাদের ফ্ল্যাগশিপ প্রোডাক্ট প্রাইম্যাক্স সিরিজের ফোরকে এলইডি টিভি বাজারে এনেছে। সর্বাধুনিক প্রযুক্তি সমৃদ্ধ নতুন এই টিভি বাংলাদেশের ভিউয়ারদেরকে টিভি দেখার এক অসাধারণ অভিজ্ঞতা উপহার দিবে।

আজ (২৩ মে ২০২৩) ঢাকার রেডিসন ব্লু ওয়াটার গার্ডেন হোটেলে আয়োজিত এক বর্ণিল অনুষ্ঠানের মধ্যে দিয়ে প্রাইম্যাক্স সিরিজের টিভি লঞ্চ করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সিঙ্গার বাংলাদেশ-এর ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও জনাব এম এইচ এম ফাইরোজ, মার্কেটিং ডিরেক্টর জনাব চন্দনা সামারাসিৎহে, সেলস ডিরেক্টর জনাব কাজী রফিকুল ইসলাম এবং সুপারস্টার অভিনেতা ও মডেল আরেফিন শুভ-সহ সিঙ্গারের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তির অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



**ছবির ক্যাপশন:** দেশের শীর্ষস্থানীয় ডোজা ও হোম অ্যাপারয়েন্স কোম্পানি 'সিঙ্গার বাংলাদেশ' একটি জমকালো অনুষ্ঠানের মাধ্যমে তাদের ফ্ল্যাগশিপ ফোরকে এলইডি: প্রাইম্যাক্স সিরিজ চালু করেছে। সিঙ্গার বাংলাদেশের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও জনাব এম এইচ এম ফাইরোজ, মার্কেটিং ডিরেক্টর জনাব চন্দনা সামারাসিৎহে, এঞ্জিনীয়ারিং ডিরেক্টর- কাস্টমার কেয়ার জনাব হোসাইন শেরিফ, সেলস ডিরেক্টর জনাব কাজী রফিকুল ইসলাম, ডিরেক্টর ফর টেকনোলজি অ্যান্ড ইনোভেশন জনাব হাকান আলতিনিসিক, হেড অব প্রোডাক্ট- এমডিএ এন্ড কনসিউমার ইলেক্ট্রনিক্স, জনাব ফারহান আজহার, প্রোডাক্ট ম্যানেজার জনাব জাহিদুল হাসান এবং সুপারস্টার অভিনেতা ও মডেল আরেফিন শুভ-সহ সিঙ্গারের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তির অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বাংলাদেশের বাজারে সর্বাধুনিক প্রযুক্তির ফ্ল্যাগশিপ প্রাইম্যাক্স সিরিজের ফোরকে এলইডি টিভি আনা প্রসঙ্গে সিঙ্গার বাংলাদেশ-এর ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও জনাব এম এইচ এম ফাইরোজ বলেন, প্রযুক্তির হাত ধরে টিভি দেখার দুনিয়া দিন দিন বদলে যাচ্ছে। ক্রেতার আন চান আরো বেশি ইমারসিভ ভিউয়িং এক্সপেরিয়েন্স। তাদের চাহিদার কথা মাথায় রেখেই আমরা সর্বাধুনিক প্রযুক্তির প্রাইম্যাক্স সিরিজের ফোরকে এলইডি টিভি বাজারজাত করেছি। এতে ভিউয়াররা প্রাইম টেকনোলজির সাথে ম্যাক্সিমাম এন্টারটেইনমেন্ট উপভোগ করতে পারেন।

সুপারস্টার অভিনেতা ও মডেল আরেফিন শুভ উদ্বোধনী অনুষ্ঠানে আলোচনায় অংশ নিয়ে বলেন, সিঙ্গার প্রাইম্যাক্স সিরিজের সাথে যুক্ত হতে পেরে আমি খুব খুশি। প্রাইম্যাক্স সিরিজ লঞ্চের মধ্যে দিয়ে আমাদের দেশের ব্যবহারকারীরা টিভি দেখার অনন্যসাধারণ সিনেমাটিক ভিউয়ের অভিজ্ঞতা পাবেন। আমার বিশ্বাস, সিঙ্গারের নতুন এই টিভি ক্রেতাদের মন জয় করে নিতে সক্ষম হবে।

অত্যাধুনিক প্রযুক্তির প্রাইম্যাক্স সিরিজের সিঙ্গারের এই টিভি গুগল অথরাইজড অ্যান্ড্রয়েড টিভি। এতে লেটেস্ট অফিসিয়াল অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেম এবং সার্টিফায়েড নেটফ্লিক্স অ্যাপ ব্যবহার করা হয়েছে। এর ফোরকে এইচডিআর ফিচার ব্যবহারকারীদের দিবে সিনেমাটিক ভিউয়ের অভিজ্ঞতা। তাছাড়া এমইএমসি ফিচার টিভি দেখার সময় ম্যাক্সিমাম ক্লিয়ারিটি নিশ্চিত করবে। এর ডলবি ভিশন অ্যাটমোস ব্যবহারকারীদের প্রিমিয়াম অডিও-ভিজুয়াল কোয়ালিটির এক্সপেরিয়েন্স দিবে। দ্রুত স্ট্রিমিং নিশ্চিত করতে এতে ডুয়াল ব্যান্ড ওয়াই-ফাই ও বিটি ৫.০ ফিচার যোগ করা হয়েছে। প্রাইম্যাক্স সিরিজের টিভিতে ইন-বিল্ট ক্রোমকাস্ট থাকায় ব্যবহারকারীরা তাদের পছন্দের সব প্রোগ্রাম সহজেই উপভোগ করতে পারবেন। আবার টিভির যাতে বতি না হয়, এজন্য এতে ডাস্ট, ধান্ডার ও হাই ভোল্টেজ এবং হিউমিডিটি প্রোটেকশন ফিচার রয়েছে।

সিঙ্গার বাংলাদেশের ওয়েবসাইট অথবা সারাদেশের যেকোনো আউটলেট থেকে প্রাইম্যাক্স সিরিজের ফোরকে এলইডি টিভি কেনা যাবে। এই মুহূর্তে ৪৩ ইঞ্চি, ৫০ ইঞ্চি এবং ৫৫ ইঞ্চি এই তিনটি সাইজের সিঙ্গার প্রাইম্যাক্স সিরিজের ফোরকে এলইডি টিভি পাওয়া যাচ্ছে। প্রাইম্যাক্স সিরিজ-এর টিভি পাওয়া যাচ্ছে ৩ বছরের ওয়ারেন্টি, ৬ মাসের রিপেয়ারমেন্ট গ্যারান্টি এবং ফ্রি ইনস্টলেশন সুবিধার সাথে।